




রবীন্দ্র স্মরণ সরসুনা কলেজ



আলোচনা সভা

বিষয়:

নারী, নারীবাদ ও রবীন্দ্রনাথ

বক্তা:

ড. রুনা চট্টোপাধ্যায়

সহযোগী অধ্যাপক, হরিমোহন ঘোষ কলেজ

প্রবন্ধ আহ্বান

বিস্তারিত তথ্যের

জন্য স্ক্যান করুন



প্রবন্ধ জমা দেওয়ার লিংক



২৬ মে ২০২৬ | সরসুনা কলেজ | বেলা ১১.০০

‘কল্লান্তের ভূমিকায় নূতন সভ্যতা গড়বার কাজে মেয়েরা এসে দাঁড়িয়েছে—প্রস্তুত হচ্ছে তারা পৃথিবীর সর্বত্রই। তাদের মুখের উপর থেকেই যে কেবল ঘোমটা খসল তা নয়— যে ঘোমটার আবরণে তারা অধিকাংশ জগতের আড়ালে পড়ে গিয়েছিল সেই মনের ঘোমটাও তাদের খসছে। যে মানবসমাজে তারা জন্মেছে সেই সমাজ আজ সকল দিকেই সকল বিভাগেই সুস্পষ্ট হয়ে উঠল তাদের দৃষ্টির সম্মুখে। এখন অন্ধ সংস্কারের কারখানায় গড়া পুতুলগুলো নিয়ে খেলা করা আর তাদের সাজবে না। তাদের স্বাভাবিক জীবপালিনী বুদ্ধি, কেবল ঘরের লোককে নয়, সকল লোককে রক্ষার জন্যে কায়মনে প্রবৃত্ত হবে।’ রবীন্দ্রনাথ ১৯৩৬ খ্রিস্টাব্দে ‘কালান্তর’-এর ‘নারী’ প্রবন্ধে লিখেছেন একথা। পূর্বজ রামমোহনের ‘সহমরণ বিষয় প্রবর্তক ও নিবর্তকের সম্বাদ’-এর বিদ্রোহ থেকে ক্রমশ সামনের দিকে চলতে চলতে নতুন সময়ে তিনি বুঝতে পারছিলেন নারী-পুরুষের ‘সাম্যের’ আত্যন্তিক আবশ্যিকতার কথা। তাঁর সাহিত্যের নানান স্তরে উঠে আসছিল বিভিন্ন নারী চরিত্র, যারা প্রকাশ্যে ঘোষণা করছিল মুক্তির কথা। যেমন ‘যোগাযোগ’-এর কুমু বলে—‘কিন্তু একদিন ওদের মুক্তি দেব, আমিও মুক্তি নেব; চলে আসবই এ তুমি দেখে নিয়ো। মিথ্যে হয়ে মিথ্যের মধ্যে থাকতে পারব না। আমি ওদের বড়োবউ, তার কি কোনো মানে আছে যদি আমি কুমু না হই?’ চিত্রাঙ্গদা সেই কথা বলে— ‘লহো ফিরে লহো/ তোমার এই বর,/ হে অনঙ্গদেব।/ মুক্তি দেহো মোরে’। সে জীবনের চলার পথে যে সহযোদ্ধার ভূমিকায় স্বেচ্ছায় অবতীর্ণ হতে চেয়েছে, তাতে সেই সাম্যেরই প্রতিধ্বনি— ‘যদি পার্শ্ব রাখ মোরে সঙ্কটে সম্পদে,/ সম্মতি দাও যদি কঠিন ব্রতে সহায় হতে/ পাবে তবে তুমি চিনিতে মোরে।’ সাতাশ নম্বর মাখন বড়াল গলি থেকে বেরিয়ে এসে যে আত্মপরিচয়, দুঃখমস্তনের মধ্য দিয়ে সে উপলব্ধি করেছিল তা মনে করিয়ে দেয় Elizabeth Cady Stanton-এর কথা ‘Womanhood is the great fact in her life; wifehood and motherhood are but incidental relations.’ আমরা দেখি রবীন্দ্রনাথের অনন্য কিছু নারী চরিত্র একেবারে ‘ভিতর থেকে ঝক্ ঝক্ করছে ক্যারেক্টরের তেজ’-এ। যেমন ল্যাবরেটরির সোহিনী। ফেডারিখ ডগলাসের কথা মনে পড়বে সোহিনীকে দেখে। Women should have justice as well as praise, and if she is to dispense with either, she can better afford to part with the latter than the former. ভারতীয় নারীর অতীতের আলো অন্ধকার, আর ক্রমশ নতুন সময়ের নিরিখে তার উত্তরণের নানান সংকট ও সম্ভাবনা রবীন্দ্রনাথ নানানভাবে ধরে রেখেছেন তাঁর রচনায়। রবীন্দ্রনাথের থেকে বহুদূরের কালখণ্ডে দাঁড়িয়ে সেই সময়কে এই সময়ের দেশ ও বিশ্বের আলোতে দেখে নেওয়ার সুযোগও থাকছে এই আলোচনাসভায়। সমকালীন সমাজ-সংস্কৃতি ও সাহিত্যচর্চার প্রেক্ষিতে রবীন্দ্রনাথ ঠাকুরের রচনায় নারীচরিত্র, নারীমুক্তি, লিঙ্গ-রাজনীতি ও নারীবাদী ভাবনার বিভিন্ন দিক পুনর্মূল্যায়নের লক্ষ্যে আগ্রহী গবেষক, অধ্যাপক, গবেষণারত ছাত্রছাত্রী ও স্বতন্ত্র গবেষকদের কাছে প্রবন্ধ আস্থান করা হচ্ছে।

◆ প্রবন্ধের নির্দেশিকা:

- প্রবন্ধের সঙ্গে ২০০ শব্দের একটি সংক্ষিপ্তসার জমা দিতে হবে।
- ফেটি কী-ওয়ার্ড উল্লেখ করতে হবে।
- সম্পূর্ণ প্রবন্ধের শব্দসংখ্যা সর্বোচ্চ ৩০০০ শব্দের মধ্যে হতে হবে।
- লেখা কালপুরুষ (Kalpurush) ফন্টে ১২ পয়েন্টে টাইপ করা আবশ্যিক।
- রেফারেন্স ও উদ্ধৃতি MLA স্টাইল অনুসারে লিখতে হবে ৮ পয়েন্টে।

◆ সম্ভাব্য আলোচ্য বিষয়

- রবীন্দ্রসাহিত্যে নারীচরিত্রের রূপায়ণ।
- রবীন্দ্রনাথের নারীমুক্তি ভাবনা।
- নারীবাদী দৃষ্টিতে রবীন্দ্রনাথের সাহিত্য।
- ঔপনিবেশিক সমাজে নারী ও রবীন্দ্রচিন্তা
- রবীন্দ্রনাথ ও আধুনিক নারীবাদ।
- রবীন্দ্র পূর্ববর্তী ও পরবর্তী নারী ভাবনার স্বরূপ।

◆ জমাদানের নির্দেশ:

- ফাইল ফরম্যাট: .doc / .docx এবং একটি পিডিএফ ফরম্যাট।
- লেখকের নাম, সংস্থা, ইমেল আইডি আলাদা কভারে উল্লেখ করতে হবে

◆ গুরুত্বপূর্ণ তারিখ:

সংক্ষিপ্তসার জমা দেওয়ার শেষ তারিখ: [২৩ মে, ২০২৬]
সংক্ষিপ্তসার গ্রহণের সংবাদ: [২৪ মে, ২০২৬ পর্যন্ত]
পূর্ণ প্রবন্ধ জমা দেওয়ার শেষ তারিখ: [২৬ মে থেকে ২৬ জুন, ২০২৬]

◆ নিবন্ধন :

অধ্যাপক ও সমতুল্য: ৮০০ টাকা (প্রবন্ধ উপস্থাপনা সহ)
গবেষক ও সমতুল্য: ৬০০ টাকা (প্রবন্ধ উপস্থাপনা সহ)
শিক্ষার্থী ও সমতুল্য: ২০০ টাকা (প্রবন্ধ উপস্থাপনা সহ)
শ্রোতা: ৩০০ টাকা

Account no - 1492010100003

Name of the Bank - Punjab National Bank

IFSC - PUNB0149220

Branch - Sarsuna College Branch

◆ যোগাযোগ:

ফোন: 9732918797 / 9874588336

ইমেল: bengali.sarsuna@gmail.com

প্রবন্ধ জমা দেওয়ার লিংক: <https://forms.gle/jjZk78cZA3B11a8K8>

নির্বাচিত প্রবন্ধসমূহ শর্তসাপেক্ষে ‘সপর্যা’, বাংলা বিভাগীয় আইএসএসএন পত্রিকায় প্রকাশিত হবে।